গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
পলাশবাড়ী, গাইবান্ধা।
ueopalashgai@gmail.com



" জরুরী নোটিশ "

এতদ্বারা পলাশবাড়ী উপজেলার সকল সহকারী শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২১জুন ২০২৬ খ্রি: তারিখের ৩৮.০০.০০০০.০০০.০০৮.০৪.০০০১.১৭.৩৫০ নং প্রজ্ঞাপন মূলে অত্র উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শূন্য পদে আগ্রহী শিক্ষকগণকে বদলির আবেদন আগামী ২৪/০৮/২০২৬ হতে ৩০/০৮/২০২৬ খ্রি: তারিখ বিকাল ৪.০০ ঘটিকা অফিস চলাকালীন জমাদানের জন্য অনুরোধ করা হলো।

বদলীর শর্তাবলী:

১। চাকুরীর মেয়াদ ন্যূনতম ২ (দুই) বছর পূর্ণ না হলে কোনো সহকারী শিক্ষক/শিক্ষিকা বদলিযোগ্য বিবেচিত হবেন না। যে কোন বদলির পর ০৩ (তিন) বছর অতিক্রম না হলে কোন শিক্ষক পুনর্বদলির জন্য বিবেচিত হবেন না।

২। সংশ্লিষ্ট বিদ্যালয়ে শুধু শূন্য পদের বিপরীতে বদলি করা যাবে।

৩। কোনো শিক্ষকের আবেদন ব্যতীত নিজ বিদ্যালয় হতে অন্য বিদ্যালয়ে বদলি করা যাবে না। তবে, জনস্বার্থে/প্রশাসনিক কারণে জাতীয় কমিটির অনুমোদন সাপেক্ষে বদলি করা হবে।

৪। যে সকল বিদ্যালয় ৫ (পাঁচ) জন বা তার কম সংখ্যক কর্মরত আছেন কিংবা শিক্ষক, শিক্ষার্থী অনুপাত ১:৪০ এর বেশি রয়েছে সে সকল বিদ্যালয় থেকে শিক্ষক বদলি করা যাবে না।

৫। একই বিদ্যালয়ে একাধিক শিক্ষক বদলির আবেদন করলে যথাক্রমে জ্যেষ্ঠ শিক্ষকগণ অগ্রাধিকার পাবেন।

৬। বদলির ক্ষেত্রে সকল শর্তাদি পূরণ সাপেক্ষে শিক্ষিকগণ স্থায়ী ঠিকানা/স্বামীর স্থায়ী ঠিকানায় নিকটবর্তী বিদ্যালয়ে বদলির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

বি: দ্র: সহকারী শিক্ষকগণ, সভাপতি উপজেলা পর্যায় প্রাথমিক শিক্ষক বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক কমিটি পলাশবাড়ী,গাইবান্ধা বরাবর আবেদনপত্র ২ (দুই) সেট আগামী ৩০/০৮/২০২৬ খ্রি: তারিখ রোজ: রবিবার, বিকাল ৪ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপজেলা/জেলা/বিভাগ/জাতীয় পর্যায়ে জমা দিতে হবে। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ছাড়া সরাসরি কোন আবেদনপত্রই গ্রহণ করা হবে না।

উল্লেখ্য যে,

১। আন্তঃ উপজেলায় বদলীর ক্ষেত্রে সভাপতি, জেলা যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক কমিটি, গাইবান্ধা, বরাবর আবেদন করতে হবে।

২। আন্তঃ জেলায় বদলীর ক্ষেত্রে সভাপতি, বিভাগীয় যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক কমিটি, রংপুর, বরাবর আবেদন করতে হবে।

৩। আন্তঃ বিভাগে বদলীর ক্ষেত্রে সভাপতি, জাতীয় যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক কমিটি, ঢাকা, বাংলাদেশ, বরাবর আবেদন করতে হবে, ।

(সকল পর্যায়ের আবেদন অবশ্যই উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস পলাশবাড়ী,গাইবান্ধায় জমা দিতে হবে)

আবেদনের সঙ্গে যে সকল কাগজপত্র জমা দিতে হবে।

১। কর্মরত ও আবেদনকৃত বিদ্যালয়ের সর্বশেষ মাসিক রিটার্নের কপি- ২ সেট।

২। নিয়োগ ও যোগদানপত্র- ২ সেট।

৩। মহিলা শিক্ষকদের (আন্তঃ উপজেলা/আন্তঃ জেলা/আন্তঃ বিভাগ বদলির ক্ষেত্রে স্থায়ী ঠিকানা/স্বামীর স্থায়ী ঠিকানায় বদলির প্রমাণক (কাবিন নামা, জমির দলিল, জাতীয় পরিচয়পত্র, ইত্যাদি)- ২ সেট।

৪। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ২ সেট।

২৩/০৮/২৬

আরজুমান আরা গুলেনুর
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
পলাশবাড়ী,গাইবান্ধা।